গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৬৬/২০১৯-২০২০
ঢাকা ১২ ফেব্রুয়ারি বুধবার ২০২০, ২৯ মাঘ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। টেলিটকের দক্ষতা বাড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর
কিডনি ডায়ালাইসিস সেন্টার স্থাপনসহ ৯ প্রকল্প একনেকে অনুমোদন
২। প্রধানমন্ত্রী শেখ কামাল আইটি সেন্টার উদ্বোধন করবেন আজ
৩। সড়ক পরিবহণ বিল সংসদে পাস
৪। মুজিববর্ষ উপলক্ষে মাদ্রাসায় মুক্তিযুদ্ধ কর্নার করা হবে : সংসদে শিক্ষামন্ত্রী
৫। রোহিঙ্গা ইস্যুতে কৌশলগত অবস্থানে বাংলাদেশ : সংসদে পররাষ্ট্রমন্ত্রী
৬। তিন বছরের মধ্যে আমরা পেঁয়াজ রফতানিতে সমর্থ হব : সংসদে বাণিজ্যমন্ত্রী
৭। ২০২৫ সালের মধ্যে সব বয়স্ক ভাতা পাবেন : সংসদে সমাজকল্যাণমন্ত্রী
৮। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২৯ হাজার শিক্ষকের পদ শূন্য : সংসদে গণশিক্ষা প্রতিমন্ত্রী
৯। প্রকৃত মুক্তিযোদ্ধার অবদান কোনোদিন ভোলা যাবে না : কুমিল্লায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী
১০। বঙ্গবন্ধুর নামে আধুনিক কৃষি গবেষণা কেন্দ্র স্থাপন করবে কানাডা : চুক্তি স্বাক্ষর
১১। চীনে থাকা অবশিষ্ট বাংলাদেশিকে নিজ দায়িত্বে দেশে ফিরতে হবে : পররাষ্ট্রমন্ত্রী
১২। মেডিকেল কলেজ ও জেলা হাসপাতালে কিডনি ডায়ালাইসিস সেন্টার হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী
১৩। এখন থেকে ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস পাঁচদিন চলবে : রেলমন্ত্রী
১৪। আজ দেশে ফিরছে বিশ্বকাপ জয়ী বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল : বরণের অপেক্ষায় বিসিবি
১৫। রোহিঙ্গা গণহত্যার বিরুদ্ধে আইসিজেতে গাম্বিয়ার করা মামলায় সহায়তা দিয়ে যাবে ওআইসি
১৬। বসানো হলো পদ্মাসেতুর ২৪তম স্প্যান : দৃশ্যমান সাড়ে ৩ কিলোমিটার

১। **টেলিটকের দক্ষতা বাড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর**
**কিডনি ডায়ালাইসিস সেন্টার স্থাপনসহ ৯ প্রকল্প একনেকে অনুমোদন**

রাষ্ট্রায়ত্ত মোবাইল সেবাদানকারী প্রতিষ্ঠান টেলিটক বাংলাদেশ লিমিটেডের (টিবিএল) কার্যক্রম আরও দক্ষতার সঙ্গে পরিচালনা করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় এ নির্দেশ দেন প্রধানমন্ত্রী। সারাদেশের মেডিক্যাল কলেজ হাসপাতাল ও জেলা সদর হাসপাতালে কিডনি ডায়ালাইসিস সেন্টার স্থাপন করাসহ ৯ প্রকল্প অনুমোদন দেয়া হয়েছে একনেক সভায়। গতকাল (১১ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরের এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপার্সন শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে প্রকল্পগুলো অনুমোদন দেয়া হয়। এসব প্রকল্প বাস্তবায়নে মোট খরচ ধরা হয়েছে ২ হাজার ৪২২ কোটি ২৭ লাখ টাকা। এরমধ্যে সরকারি তহবিল থেকে ২ হাজার ১০৮ কোটি ৪৫ লাখ টাকা এবং বাস্তবায়নকারী সংস্থা থেকে ৩১৩ কোটি ৮২ লাখ টাকা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ফিনান্সিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.২)।

২। **প্রধানমন্ত্রী শেখ কামাল আইটি সেন্টার উদ্বোধন করবেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ১২ ফেব্রুয়ারি বুধবার গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজশাহীতে বঙ্গবন্ধু হাইটেক পার্কে শেখ কামাল আইটি ইনকিউবেশন অ্যান্ড ট্রেনিং সেন্টার উদ্বোধন করবেন। একই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ৭ জেলা ও ২৩ উপজেলায় পাওয়ার প্ল্যান্ট উদ্বোধন করবেন। পরে প্রধানমন্ত্রী বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশনের মাসব্যাপী নাট্যোৎসব উদ্বোধন করবেন। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

৩। **সড়ক পরিবহণ বিল সংসদে পাস**

বিশেষ পরিস্থিতিতে বিশেষ সড়ক পরিবহণ সেবা দেওয়ার বিধান যুক্ত করে বাংলাদেশ সড়ক পরিবহণ করপোরেশন বিল-২০২০ পাস হয়েছে। ১৯৬১ সালের অধ্যাদেশ বাতিল করে নতুন আইন করতে গতকাল (১১ ফেব্রুয়ারি মঙ্গলবার) সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বিলটি পাসের জন্য সংসদে উত্থাপন করলে বিলটি কণ্ঠভোটে পাস হয়। সূত্র- **সমকাল** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ফিনান্সিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৭)।

৪। **মুজিববর্ষ উপলক্ষে মাদ্রাসায় মুক্তিযুদ্ধ কর্নার করা হবে : সংসদে শিক্ষামন্ত্রী**

২০২০ মুজিববর্ষ উপলক্ষে নির্বাচিত মাদ্রাসাসমূহে মুক্তিযুদ্ধ কর্নার নির্মাণ করা হবে। এছাড়া সকল মাদ্রাসায়ও মুক্তিযুদ্ধ কর্নার নির্মাণ করা হবে। তাছাড়া কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন সকল মাদ্রাসায় মুজিববর্ষ উপলক্ষে জাতীয় কর্মসূচীর আলোকে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের জন্যও ইতোমধ্যে নির্দেশ প্রদান করা হয়েছে। গতকাল (১১ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে এ তথ্য জানান শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.২)।

৫। **রোহিঙ্গা ইস্যুতে কৌশলগত অবস্থানে বাংলাদেশ : সংসদে পররাষ্ট্রমন্ত্রী**

রোহিঙ্গা নিয়ে 'সুদূর' ভবিষ্যতে দেশবাসীকে সুসংবাদ দেবেন বলে সংসদকে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। এ ইস্যুতে কৌশলগত অবস্থানে বাংলাদেশ ভালো করছে বলেও দাবি করেন তিনি। গতকাল (১১ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

৬। **তিন বছরের মধ্যে আমরা পেঁয়াজ রফতানিতে সমর্থ হব : সংসদে বাণিজ্যমন্ত্রী**

পেঁয়াজের আমদানি নির্ভরতা কমাতে উৎপাদনের ওপর জোর দিয়েছে সরকার। তারই অংশ হিসেবে এ বছর থেকে ১৫-৩০ শতাংশ উৎপাদন বেশি হবে বলে জানালেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেছেন, আগামী ৩ বছরের মধ্যে আমরা পেঁয়াজ রফতানিতে সমর্থ হব। গতকাল (১১ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর সাধারণ আলোচনায় তিনি একথা বলেন। সূত্র- **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

৭। **২০২৫ সালের মধ্যে সব বয়স্ক ভাতা পাবেন : সংসদে সমাজকল্যাণমন্ত্রী**

আগামী ২০২৫ সালের মধ্যে সকল ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়স্ক পুরুষ এবং ৬২ তদূর্ধ্ব বয়স্ক মহিলাকে ভাতা প্রদানের পরিকল্পনা সরকারের রয়েছে বলে জানিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী নুরুজ্জামান আহমেদ। গতকাল (১১ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে তিনি এ তথ্য জানান। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৮।	সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২৯ হাজার শিক্ষকের পদ শূন্য : সংসদে গণশিক্ষা প্রতিমন্ত্রী**

সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ২৮ হাজার ৮৩২ জন শিক্ষকের পদ শূন্য রয়েছে। এর মধ্যে প্রধান শিক্ষকের শূন্যপদের সংখ্যা ৭ হাজার ১৮টি। সহকারী শিক্ষকের শূন্যপদ ২১ হাজার ৮১৪ জন। সহকারী শিক্ষকের শূন্যপদ পূরণে ইতোমধ্যে চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের যোগদানের জন্য পরিপত্র জারি করা হয়েছে। গতকাল (১১ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মোঃ জাকির হোসেন এসব তথ্য জানান। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **সমকাল** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**৯।	প্রকৃত মুক্তিযোদ্ধার অবদান কোনোদিন ভোলা যাবে না : কুমিল্লায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, প্রকৃত মুক্তিযোদ্ধার অবদান কোনো দিন ভোলা যাবে না। গতকাল (১১ ফেব্রুয়ারি মঙ্গলবার) কুমিল্লার মেঘনা উপজেলায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে মুক্তিযুদ্ধ ভবন উদ্বোধন উপলক্ষে পরিষদ চত্বরে আয়োজিত এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি আরও বলেন, আজ আমরা যারা পদ-পদবি ও মন্ত্রিত্বে আছি তা সেই শহিদ বীর মুক্তিযোদ্ধা ও আজকের মুক্তিযোদ্ধাদের অবদান। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫)।

**১০।	বঙ্গবন্ধুর নামে আধুনিক কৃষি গবেষণা কেন্দ্র স্থাপন করবে কানাডা : চুক্তি স্বাক্ষর**

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) ও কানাডার সাসকাচোয়ান বিশ্ববিদ্যালয়ের গ্লোবাল ইনস্টিটিউট অভ ফুড সিকিউরিটি (জিআইএফএস) টেকসই নিরাপদ খাবারের উন্নয়নে সহায়তার জন্য গবেষণা, প্রশিক্ষণ ও বিকাশের অংশীদারিত্বের কাজ করতে সম্মত হয়েছে। এরই ধারাবাহিকতায় কানাডা এবং বাংলাদেশের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। গত ১০ ফেব্রুয়ারি সোমবার রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে দুই দেশের মধ্যে এ চুক্তি স্বাক্ষরিত হয়। সমঝোতা চুক্তিতে (এমওইউ) স্বাক্ষর করেন বিএআরসি নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার এবং কানাডার জিআইএফএসের চীফ অপারেটিং অফিসার স্টিভ ভিসার। কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক ও সফররত কানাডার সাসকাচোয়ান সরকারের কৃষিমন্ত্রী ডেভিড মারিট চুক্তি স্বাক্ষরের সময় উপস্থিত ছিলেন। সূত্র- **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**১১।	চীনে থাকা অবশিষ্ট বাংলাদেশিকে নিজ দায়িত্বে দেশে ফিরতে হবে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, চীনে থাকা অবশিষ্ট বাংলাদেশিদের এখন নিজ দায়িত্বে দেশে ফিরতে হবে। কারণ সরকারিভাবে কাউকে দেশে ফেরানো সম্ভব হচ্ছে না। আসতে হলে ব্যক্তিগত খরচেই আসতে হবে, পরবর্তী ব্যবস্থা সরকার নেবে। গতকাল (১১ ফেব্রুয়ারি মঙ্গলবার) শাহবাগে জাতীয় জাদুঘর মিলনায়তনে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪)।

**১২।	মেডিকেল কলেজ ও জেলা হাসপাতালে কিডনি ডায়ালাইসিস সেন্টার হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী জাহিদ মালেক বলেছেন, দেশের সব মেডিকেল কলেজ হাসপাতালে ৫০ শয্যা ও জেলা সদর হাসপাতালে ১০ শয্যার কিডনি ডায়ালাইসিস সেন্টার স্থাপন করা হচ্ছে। গতকাল (১১ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত মন্ত্রণালয়ের প্রজেক্ট রিভিউ সংক্রান্ত সভায় সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সভায় এ সংক্রান্ত একটি প্রকল্প অনুমোদিত হয়েছে বলেও জানিয়েছেন তিনি। স্বাস্থ্য অধিদফতর বাস্তবায়িত এ প্রকল্পটির কাজ ২০২২ সালের মধ্যেই সম্পন্ন হবে বলে জানান তিনি। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**১৩।	এখন থেকে ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস পাঁচদিন চলবে : রেলমন্ত্রী**

ঢাকা-কলকাতা রুটের মৈত্রী এক্সপ্রেস এখন থেকে সপ্তাহে পাঁচদিন চলাচল করবে। গতকাল (১১ ফেব্রুয়ারি মঙ্গলবার) ঢাকার ক্যান্টনমেন্ট রেলস্টেশনে নতুন এ ট্রিপের উদ্বোধন করেন রেলপথমন্ত্রী নূরুল ইসলাম সুজন। এর আগে সপ্তাহে চারদিন চলাচল করত এ ট্রেন। রেলমন্ত্রী বলেন, মঙ্গলবার থেকে বাড়তি আরো একদিন যুক্ত হয়ে এখন থেকে সপ্তাহে পাঁচদিন ঢাকা-কলকাতা রুটে ট্রেন চলাচল করবে। দিনগুলো হলো শুক্র, শনি, রবি, মঙ্গল ও বুধবার। সূত্র-**বণিক বার্তা** (পৃ.৬, ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.১)।

**১৪। আজ দেশে ফিরছে বিশ্বকাপ জয়ী বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল : বরণের অপেক্ষায় বিসিবি**

আজ ১২ ফেব্রুয়ারি বুধবার দেশে ফিরছে বিশ্বকাপ জয়ী বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল। বিকাল ৫টায় ঢাকায় পৌঁছাবে যুব বিশ্বকাপ চ্যাম্পিয়ন বাংলাদেশ দল। বিমানবন্দর থেকে সরাসরি মিরপুর স্টেডিয়ামে আসবেন তাঁরা। চ্যাম্পিয়নদের বরণের অপেক্ষায় রয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১, ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১, ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**১৫। রোহিঙ্গা গণহত্যার বিরুদ্ধে আইসিজেতে গাম্বিয়ার করা মামলায় সহায়তা দিয়ে যাবে ওআইসি**

আন্তর্জাতিক বিচার আদালতে (আইসিজে) মিয়ানমারের বিরুদ্ধে রোহিঙ্গা গণহত্যার মামলায় গাম্বিয়াকে সব ধরনের সহায়তা দেওয়ার অঙ্গীকার পুনরায় ব্যক্ত করেছে অর্গানাইজেশন অভ ইসলামিক কো-অপারেশন (ওআইসি)। এজন্য তহবিল সংগ্রহের সিদ্ধান্ত নিয়েছে সংস্থাটি। আগামী এপ্রিলে অনুষ্ঠেয় ওআইসি'র পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের সম্মেলনে এ তহবিল সংগ্রহ করা হবে। গতকাল (১১ ফেব্রুয়ারি মঙ্গলবার) সৌদি আরবের জেদ্দায় অনুষ্ঠিত ওআইসি'র জ্যেষ্ঠ কর্মকর্তাদের বৈঠকে এ সিদ্ধান্ত হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বৈঠকে বাংলাদেশের পক্ষে নেতৃত্ব দেন পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**১৬। বসানো হলো পদ্মাসেতুর ২৪তম স্প্যান : দৃশ্যমান সাড়ে ৩ কিলোমিটার**

গতকাল (১১ ফেব্রুয়ারি মঙ্গলবার) সেতুর জাজিরা প্রান্তে ৩০ ও ৩১ নম্বর পিলারে বসানো হয়েছে ২৪তম স্প্যান। এর ফলে সেতুর ৩ হাজার ৬০০ মিটার বা সাড়ে তিন কিলোমিটারের বেশি অংশ দৃশ্যমান হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১, ক.৮), **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** ২০১৯ সালেই কেবল ছোট-বড় মিলিয়ে আগুন লাগার ঘটনা ঘটেছে মোট ২৪ হাজার ৭৪টি ইলেকট্রনিক্স সেফটি অ্যান্ড সিকিউরিটি অ্যাসোসিয়েশন এক সংবাদসম্মেলনে এ তথ্য দেওয়ায় উদ্বেগ প্রকাশ করে অগ্নিদুর্ঘটনা প্রতিরোধে সচেতনতার আহ্বান ।

খ. **জনকণ্ঠ** : করোনাভাইরাস প্রতিরোধে জরুরি অবস্থা ঘোষণা করেছে বিশ্বস্বাস্থ্য সংস্থা উল্লেখ করে এ অবস্থার প্রেক্ষিতে বাংলাদেশেও ব্যাপক জনসচেতনতামূলক কার্যক্রম বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

**গ.** **সমকাল :** সিলেটের সুরমা নদীর ওপর নির্মিত তৃতীয় শাহজালাল সেতুতে লোহার পাতের বদলে বাঁশ ব্যবহারের ঘটনা নিন্দনীয় উল্লেখ করে এ ধরনের ঘটনার সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনার সুপারিশ।

**ঘ.** **সংবাদ** : রাজধানীতে গণপরিবহণের ভাড়া নিয়ে নৈরাজ্য চরম আকার ধারণ করেছে উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **ইনকিলাব** : দীর্ঘদিন ধরে সৌদি আরবে কর্মরত অর্ধলক্ষাধিক রোহিঙ্গা কর্মীকে বাংলাদেশে ফেরত আনার জন্য চাপ দিতে শুরু করেছে সে দেশের সরকার উল্লেখ করে রোহিঙ্গা সমস্যা, জনশক্তি রফতানিসহ সৌদি আরবের সাথে দ্বিপাক্ষিক সম্পর্কোন্নয়ন, বিনিয়োগ ও অর্থনৈতিক সহযোগিতার ক্ষেত্রগুলো প্রসারিত করতে সরকারের পক্ষ থেকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ ।

**চ.** **নিউজটুডে :** দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে বিদেশি শিক্ষার্থীর সংখ্যা কমে গেছে উল্লেখ করে বিদেশি শিক্ষার্থীর সংখ্যা বাড়াতে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ ।

ছ. **ডেইলি সান :** শিশু শ্রমিকদের অধিকার রক্ষায় সোচ্চার হওয়ার আহ্বান ।

## উপ-সম্পাদকীয়

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মাতৃভাষার প্রতি দরদ ও ভালোবাসাই কেবল পারে জাতি হিসেবে আমাদের আরো সমৃদ্ধ, উন্নত ও বিকশিত করতে ।

## নিবন্ধ ও ফিচারেই

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'পলিথিন ও প্লাস্টিকের ব্যবহার কেন বন্ধ করবেন'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, সরকারি উদ্যোগের পাশাপাশি আমরা প্রত্যেকে নিজ নিজ অবস্থান থেকে সচেতন হলেই প্লাস্টিক দূষণের হাত থেকে রক্ষা পাওয়া সম্ভব ।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা